

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

৪৬.০২০.০০৪.০২.০০.০০৮.২০১১- ৪২ ৬২

তারিখ : ২৪-১১-২০১৬খ্রিঃ।

বিষয় : প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩, ঢাকার আদালতে দায়েরকৃত প্রশাঃ ট্রাইঃ বাস্তঃ মামলা নং-০৪/২০১৬ সংক্রান্ত।

টাঙ্গাইল জেলা পরিষদের সাবেক প্রেস মেশিনম্যান (বর্তমানে ছাঁটাইকৃত) জনাব মোঃ ফজলুল হক কর্তৃক দায়েরকৃত এটি ১০/২০১১ নং মামলার গত ২৯-০৪-২০১৩খ্রিঃ তারিখের রায় সরকারের বিপক্ষে প্রদান করা হয়। উক্ত রায়ের বিরুদ্ধে আপীল দায়েরের জন্য আইন-১ অধিশাখা হতে বিগত ০৫-০২-২০১৫খ্রিঃ তারিখে আপীল দায়েরের প্রস্তাব সলিসিটর উইং-এ প্রেরণ করা হয়। এ বিষয়ে সলিসিটর উইং হতে গৃহীত কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। ইতোমধ্যে মামলার রায় বাস্তবায়নের জন্য বাদী কর্তৃক প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩, ঢাকার আদালতে প্রশাঃ ট্রাইঃ বাস্তঃ মামলা নং-০৪/২০১৬ দায়ের করা হয়েছে। উক্ত মামলায় সরকার পক্ষে লিখিত জবাব আগামী ০১-১২-২০১৬খ্রিঃ তারিখের মধ্যে ট্রাইব্যুনালে দাখিল করার জন্য ১নং বিবাদী এ বিভাগের সচিব মহোদয়কে নির্দেশ দেয়া হয়েছে।

০২। এমতাবস্থায়, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা এর আদালতে দায়েরকৃত এটি-১০/২০১১নং মামলার রায়ের বিরুদ্ধে দায়েরকৃত আপীল মামলাটি সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের নিয়োগকৃত বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী) .
উপসচিব
৯৫৪০৯৯৫

জনাব স্বপন কুমার আইচ
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ

- ০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইল;
- ০২। উপসচিব (জেপ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।